



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১১৬/২২

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. ১৯.৫৫ ঘটিকার সময় অভিযান পরিচালনা করে ডিএমপির ভাটারা থানাধীন কুড়িল কাজী বাড়ি জামে মসজিদ এলাকা থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসার আল ইসলাম’ এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম মো: ইয়াসিন সরকার(২৮), পিতা- মো: মিজানুর রহমান, মাতা- মোছা: রেনু আক্তার, গ্রাম- গোবিন্দপুর, থানা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০২ টি মোবাইল ফোন, ০৩ টি দুবাই এর সীম কার্ড, ০৫ টি ফটোকপি বই, কিছু দিরহাম (দুবাই এর মুদা) ও নগদ টাকা জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: ইয়াসিন সরকার ‘আনসার আল ইসলাম’ এর একজন সক্রিয় সদস্য ও সমর্থক। সে ও তার সহযোগীগণ দেশ হতে চলমান গণতান্ত্রিক ব্যবস্থাকে উচ্ছেদ করে যেকোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে আসছিল। ধৃত আসামী অনলাইনে তার সহযোগী অন্যান্য আইডির সাথে যোগাযোগের মাধ্যমে জিহাদ এবং রাষ্ট্র বিরোধী পরিকল্পনা করত। আসামী ও তার অন্যান্য সহযোগীগণ ফেসবুক আইডি, ম্যাসেঞ্জারসহ বিভিন্ন এনক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে যোগাযোগের মাধ্যমে নিজেদের মধ্যে বাংলাদেশ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস, ভীতি, দেশে অস্থিরতা, সাইবার স্পেসের মাধ্যমে প্রচার-প্রচারণা ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা করে আসছিল। ধৃত আসামীর ফেসবুক আইডি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত ফেসবুক আইডির মাধ্যমে উগ্রবাদী মতবাদ সম্পর্কে বিভিন্ন পোস্ট দিয়ে অন্যান্যদের নিষিদ্ধ ঘোষিত সংগঠন ‘আনসার আল ইসলাম’ এর কার্যক্রম পরিচালনা ও জঙ্গিবাদী কার্যক্রমে উদ্বুদ্ধ করতো।

গ্রেফতারকৃত মো: ইয়াসিন সরকার আলী নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য পদ গ্রহণ ও সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে ডিএমপির ভাটারা থানার মামলা নং-২১, তারিখ- ১২/০৯/২০২২ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১৩ ধারা রুজু করা হয়েছে।


১৩/০৯/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd